নবনিয়োগপ্রাপ্ত সহকারী রাজস্ব কর্মকর্তাগণের যোগদান সংক্রান্ত

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্দেশিত হয়ে অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, আগামী ২৩ এপ্রিল, ২০১৭ খ্রিস্টাব্দ রবিবার সকাল ৯.০০ টায় ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউট (দ্বিতীয় তলা), ১৬০, কাকরাইল রোড, ঢাকা-১০০০ এ বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক সুপারিশকৃত ৩৪৩ জন সহকারী রাজস্ব কর্মকর্তাদের অভ্যর্থনা, যোগদানপত্র গ্রহণ ও পদায়ন সংক্রান্ত আদেশ প্রদানের কার্যক্রম গ্রহণ করা হবে। বিকেল ৫.০০ টায় একই স্থানে নব নিয়োগপ্রাপ্ত সহকারী রাজস্ব কর্মকর্তাদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান **ড. মোহাম্মদ সাদিক**। সভাপতিত্ব করবেন অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মানিত সিনিয়র সচিব ও জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান **জনাব মোঃ নজিবুর রহমান**।

এ লক্ষ্যে নবনিয়োগপ্রাপ্ত সহকারী রাজস্ব কর্মকর্তাগণকে নির্ধারিত সময়ে উক্ত স্থানে উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ করছি।

শুভেচ্ছান্তে,

ড. মোঃ সহিদুল ইসলাম
কমিশনার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা
ফোন ঃ +৮৮-০২-৯০২৫০৬০
e-mail : dhakawestcomm@yahoo.com